



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

web: [www.tgc.edu.bd](http://www.tgc.edu.bd), Mobile: 01740416817



২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে

ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ০৯/০৯/২০২০ খ্রি.

ঠাকুরগাঁও সরকারি কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য মেধা তালিকায় মনোনীত শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপে ১৩/০৯/২০২০ থেকে ১৭/০৯/২০২০ তারিখের মধ্যে শিওরক্যাশ (SureCash) এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করে নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। যথাসময়ে ভর্তি হতে ব্যর্থ হলে ভর্তির জন্য মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

**ভর্তি ফি জমাদান ও ভর্তি প্রক্রিয়া**

১. Student ID এর বিপরীতে শিওরক্যাশ (SureCash) এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করতে হবে। শিওরক্যাশ-এ ফি পরিশোধের Key-Word: TGCA [SSC'র Roll-এর পূর্বে 2021 যোগ করে Student ID তৈরী করতে হবে। ফি জমাদানের পর মোবাইলে একটি Transaction ID প্রদান করা হবে।
২. অতঃপর Student ID ও Transaction ID ব্যবহার করে কলেজের ওয়েবসাইটে ([www.tgc.edu.bd](http://www.tgc.edu.bd)) On Line Admission ক্লিক করে কলেজের ভর্তি ফরম পূরণ, ডাউনলোড ও A4 সাইজ অফসেট কাগজে প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।
৩. উপরের পদ্ধতি অনুসরণ করলেই একজন শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। কোনো ধরণের কাগজপত্র জমা দেয়ার জন্য বর্তমানে কলেজে আসতে হবে না।

৪. ভর্তি ফি:

গ্রুপ	মুসলিম শিক্ষার্থী	অমুসলিম শিক্ষার্থী
বিজ্ঞান	২০০০/-	১৯৫০/-
মানবিক/ব্যবসায় শিক্ষা	১৮৬০/-	১৮১০/-
পাঠি বিরতি ফি (২০২০ সালের পূর্বে এএসসি/সমমান পাস শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)		১৫০/-

৫. শুধুমাত্র কোটায় ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীকে কোটার উপযুক্ত প্রামাণ্য সনদের মূল কপি অফিস চলাকালীন ভর্তি কমিটিকে দেখাতে হবে। তারপর ভর্তি ফি জমা দিয়ে ভর্তি হতে পারবে।

**ভর্তির জন্য বিষয় নির্বাচন**

আবশ্যিক বিষয়	ঐচ্ছিক ও ৪র্থ বিষয়		
	বিজ্ঞান	মানবিক	ব্যবসায় শিক্ষা
১. বাংলা (১০১, ১০২)	৪. পদার্থ (১৭৪, ১৭৫)	৪. অর্থনীতি (১০৯, ১১০)	৪. হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪)
২. ইংরেজি (১০৭, ১০৮)	৫. রসায়ন (১৭৬, ১৭৭)	৫. পৌরনীতি (২৬৯, ২৭০)	৫. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭, ২৭৮)
৩. আইসিটি (২৭৫)	৬. জীববিজ্ঞান (১৭৮, ১৭৯)	৬. যুক্তিবিদ্যা (১২১, ১২২)	৬. উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬, ২৮৭)
	৭. উচ্চতর গণিত (২৬৫, ২৬৬)	৭. ইতিহাস (৩০৪, ৩০৫) অথবা,	৭. অর্থনীতি (১০৯, ১১০)-৪র্থ বিষয়
	** জীববিজ্ঞান অথবা উচ্চতর গণিত ৪র্থ বিষয় হিসেবে নিতে হবে।	৮. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭, ২৬৮)	
		* যেকোনো ৩ (তিনটি) ঐচ্ছিক ও ১ (একটি) ৪র্থ বিষয় হিসেবে নিতে হবে। তবে ইতিহাস ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দুটোই নেয়া যাবে না।	


**কলেজ খোলার পর ভর্তি ফরম ও অন্যান্য যে সকল কাগজপত্র জমা দিতে হবে**

১. কলেজের ওয়েবসাইট ([www.tgc.edu.bd](http://www.tgc.edu.bd)) হতে ভর্তির জন্য পূরণকৃত ও ডাউনলোডকৃত ভর্তি ফরম। (২ কপি)
২. এসএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র। (১+১)= ২ কপি।
৩. এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র এর ফটোকপি এক কপি করে (সত্যায়িত ছাড়া)। (১+১)=২ কপি।
৪. পাসপোর্ট সাইজের ছবি ০২ কপি। (ছবির পিছনে নাম ও রোল লিখতে হবে।)
৫. সকল কাগজপত্র ও ছবি একটি A4 সাইজ খাকি খামে ভরে জমা দিতে হবে। (খামের উপরে নাম, গ্রুপ ও রোল লিখতে হবে।)

**ক্লাস শুরু ও ওরিয়েন্টেশন প্রোগ্রাম**

- ক্লাস শুরুর তারিখ শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর জানানো হবে। নির্ধারিত তারিখে কলেজ ইউনিফর্ম পরে ক্লাসে আসতে হবে এবং ওরিয়েন্টেশন প্রোগ্রামে অংশগ্রহণ করতে হবে।
- ছাত্রদের ইউনিফর্ম: শার্ট-সাদা, প্যান্ট-ছাই রংয়ের, জুতা-সাদা(স্কেটস), মোজা-সাদা, সোয়েটার-ছাই রংয়ের।(শীতকালীন)
- ছাত্রীদের ইউনিফর্ম: কামিজ-ছাই রংয়ের, সালোয়ার-সাদা, ওড়না-সাদা, জুতা-সাদা (স্কেটস), মোজা-সাদা, কার্ডিগান-ছাই রংয়ের (শীতকালীন), বোরকা (ঐচ্ছিক)-ছাই রংয়ের।

প্রতিস্বাক্ষর

 ৯/৯/২০২০

(প্রফেসর আবুল খায়ের মোঃ আব্দুল মজিদ)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ঠাকুরগাঁও সরকারি কলেজ

ঠাকুরগাঁও।

 ০৯/৯/২০২০

(মোহাম্মদ আলী মনসুর)

সহযোগী অধ্যাপক, বাংলা ও আহবায়ক

একাদশ শ্রেণি ভর্তি ও রেজিস্ট্রেশন কমিটি-২০২০

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।